

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী

সভার তারিখ ও বার : ০৫/৮/২০২১ খ্রিঃ, রোজ- বৃহস্পতিবার
সময় : বিকাল- ৩.০০ মি.
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষ
সভাপতি : জনাব রেহানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/ আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও সংস্কৃতি বিষয়ক উপজেলা স্ট্যাডিং কমিটির সদস্য সচিবকে উপজেলার সাংস্কৃতিক বিষয়ক সার্বিক কার্যক্রম ও যে সকল সমস্যা আছে তা আলোচনা করার জন্য অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্তসমূহ
০১	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে অবহিত করেন যে, শ্রীনগর উপজেলায় শিশুদের শারীরিক, মানসিক ও সুপ্ত প্রতিভা বিকাশের লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি শিশুদের জন্য সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে কিন্তু এই প্রতিষ্ঠানটির কার্যালয় বেসরকারী মালিকানাধীন ভাড়া বাড়ীতে হওয়ায় শিশুদের জন্য বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে অসুবিধা হচ্ছে। যেহেতু শিশু একাডেমি একটি সরকারি প্রতিষ্ঠান তাই এই প্রতিষ্ঠানের জন্য উপজেলায় অব্যবহৃত সরকারি ভবন বরাদ্দের আলোচনা করা হয়।	সকলের আলোচনার ভিত্তিতে এই উপজেলায় সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ শিশুদের বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের জন্য বাংলাদেশ শিশু একাডেমিকে সরকারি ভবন বরাদ্দ দেওয়ার জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হয়।
০২	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে অবহিত করেন যে, বাংলাদেশ শিশু একাডেমি, শ্রীনগর শাখায় সাংস্কৃতি চর্চার জন্য সংগীত, তবলা, নৃত্য, চিত্রাংকন ইত্যাদি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ দিয়ে থাকে। তবে উক্ত কর্মসূচী বাস্তবায়নের অনুকূলে সরকারী আর্থিক বরাদ্দ পর্যাপ্ত নয়।	সংস্কৃতি চর্চার জন্য চলমান প্রশিক্ষণগুলি আরো সুন্দর ও সঠিকভাবে যাতে বাস্তবায়িত হয় সে বিষয়ে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের নিকট আর্থিক সহযোগিতার সুপারিশ করা হয়।
০৩	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, আগামী ১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি উপজেলা প্রসাশনের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে বিভিন্ন কর্মসূচির আয়োজন করবে। উক্ত কর্মসূচি যথাযথভাবে পালনে সকল সম্মানিত সদস্যদের মূল্যবান দিক-নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	সভায় সকলে এ কর্মসূচী বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেহানা বেগম)

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ০৫/৮/২০২১খ্রিঃ

স্মারক নং- সংবিউক/শ্রীনগর/মুন্সীগঞ্জ/২০১৪/ ২৮০(০৭)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৬। চেয়ারম্যান, ষোলঘর ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৭। অফিস নথি

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
১	বেহেতা বেগম, মহিলা উর্দু চেম্বারের সেক্রেটারি	বেহেতা
২	শ্রীঃ নাসির উদ্দিন সহকারী উপাচার্য ক্রীড়া কমিশনার	Nasir 05/8/21
৩	শ্রীঃ মোঃ আব্দুল হক উপাচার্য সিনিয়র ক্রীড়া কমিশনার	Abul 05.8.2021
৪	শ্রীঃ মোঃ হোসেন উপাচার্য ক্রীড়া কমিশনার	Hossain 05/8/2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ শিশু একাডেমি
শ্রীনগর উপজেলা শাখা, মুন্সীগঞ্জ।

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/ ২৭৮ (০৮)

তারিখঃ ২৭/৭/২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহন প্রসংগে।

জনাব,

সবিনয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৫/৮/২০২১খ্রিঃ তারিখ রোজ-বৃহস্পতিবার, বিকাল-৩.০০ ঘটিকায় উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভায় আলোচ্যসূচি :

- ১। বাংলাদেশ শিশু একাডেমি, শ্রীনগর শাখা অফিস স্থানান্তরের জন্য সরকারি ভবন বরাদ্দ প্রসংগে।
- ২। শ্রীনগর উপজেলায় শিশু-কিশোরদের সাংস্কৃতিক প্রশিক্ষণ পরিচালনার জন্য উপজেলা পরিষদ থেকে আর্থিক সহযোগিতা প্রসংগে।
- ৩। আগামী ১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহদত বার্ষিকী উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন প্রসংগে।
- ৪। বিবিধ।


২৭/৭/২০২১

(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

শ্রীনগর, মুন্সীগঞ্জ

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/ ২৭৮(০৮)

তারিখঃ ২৭/৭/২০২১খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে :

- (১) মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

অনুলিপি সদয় কার্যার্থে :

- (১) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর ও সভাপতি, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (২) সদস্য, উপজেলা সাংস্কৃতি বিষয়ক কমিটি
- (৩) অফিস নথি

(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

শ্রীনগর, মুন্সীগঞ্জ